23

দৈনিক সংবাদ

তারিখ 17 SEP 1996
পৃষ্ঠা ৮ কলাম ৭

# টঙ্গী পাবলিক পাঠাগার পাঠকদের কোন কাজে লাগছে না

টঙ্গী, ১৬ই সেপ্টেম্বর (নিজস্ব সংবাদদাতা)।– টঙ্গী পৌর পাবলিক পাঠাগারটি দীর্ঘদিন ধরে নানা সমস্যার আবর্তে রয়েছে, ফলে পাঠকদের কোন কাজে আসছে না।

পাঠাগারে প্রয়োজনীয় পত্র-পত্রিকা, বই, চেয়ার-টেবিল, বৈদ্যুতিক পাখা ও আলোর সুব্যবস্থা নেই। অপরিকল্পিতভাবে নির্মিত এই পাঠাগারটি জমির সমউচ্চতায় হবার কারণে এর চারপাশের দেয়াল ভেজা ও স্যাঁতসেঁতে থাকে। ভেতরে প্রচন্ড মশার উৎপাত। পাঠাগারে বইয়ের সংখ্যা প্রয়োজনের তুলনায় নিতান্তই কম। মাত্র ক'টি দৈনিক পত্রিকা থাকলেও এখানে সাপ্তাহিক, পাক্ষিক ও কোন সাময়িকী রাখা হয় না। পাঠাগারে চেয়ার-টেবিলের সংখ্যা অত্যন্ত সীমিত। ভাঙা ও প্রায় ব্যবহারের অযোগ্য কিছু আসবাবপত্র নিয়ে পাঠাগারটি চলছে।

পর্যাপ্ত বৈদ্যুতিক পাখা ও আলোর ব্যবস্থা প্রয়োজন। পাঠাগারটি ১৯৭৯ সালে প্রতিষ্ঠিত হলেও এখনো পৌর কর্তৃপক্ষ এখানে লাইব্রেরিয়ান, ক্যাটালগার বা নির্ধারিত কর্মচারী নিয়োগ করেনি।

স্থানীয় স্কুল-কলেজসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্ররা পাঠাগারে এসেও বিশেষ কোন উপকার পাচ্ছে না। এখানে বিভিন্ন রেফারেন্স বই প্রয়োজন। পাঠাগারের সবচেয়ে বড় সমস্যা হচ্ছে এর অস্তিত্ব ও স্থায়িত্ব নিয়ে।

টঙ্গীতে নির্বাচন পরিচালনার জন্য থানা নির্বাচন অফিস না থাকায় পাঠাগারটিকে এক বছর ধরে "নির্বাচন অফিস" হিসেবে ব্যবহার করা হচ্ছে। ফলে পাঠাগারটি প্রায়ই এ অজুহাতে বন্ধ থাকে।